# বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)
## Bangladesh Industrial Engineers' Association (BIEA)
www.bieabd.com, E-mail: info.bdbiea@gmail.com


**সূত্রঃ বিআইইএ-বিবৃতি/কেন্দ্রীয় দপ্তর-২৫৩০** **তারিখঃ সেপ্টেম্বর ১, ২০২৫ খ্রি.**

# বিবৃতি

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ) দেশের কারিগরি শিক্ষার মানোন্নয়ন, দক্ষ প্রকৌশলী ও মানবসম্পদ তৈরি এবং প্রযুক্তি-ভিত্তিক শিল্পোন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনৈতিক অগ্রগতিতে একটি গুরুত্বপূর্ণ পেশাজীবী সামাজিক সংগঠন হিসেবে দীর্ঘদিন ধরে অবদান রাখছে। বাংলাদেশের প্রকৌশল খাত জাতীয় উন্নয়নের অন্যতম চালিকাশক্তি। অবকাঠামো উন্নয়ন, শিল্পায়ন, প্রযুক্তি রূপান্তর ও টেকসই অগ্রযাত্রায় প্রকৌশলীদের অবদান অনস্বীকার্য। সাম্প্রতিক সময়ে প্রকৌশলীদের শিক্ষা, কর্মক্ষেত্রের দায়িত্ব ও পেশাগত মর্যাদা নিয়ে যে আলোচনা সমাজে গুরুত্ব পেয়েছে, তা আসলে একটি সমন্বিত নীতির প্রয়োজনীয়তাকে সামনে নিয়ে এসেছে।

আন্তর্জাতিক অভিজ্ঞতা প্রমাণ করে—প্রকৌশলের বিভিন্ন স্তরের পেশাজীবীরা প্রতিদ্বন্দ্বী নন, বরং একই লক্ষ্য অর্জনে একে অপরের পরিপূরক। বাংলাদেশেও সেই অভিন্ন বাস্তবতাকে স্বীকার করে একটি কার্যকর নীতিগত কাঠামো গঠন জরুরি।

ডিপ্লোমা প্রকৌশলীদের আলোচ্য বিষয়ঃ ডিপ্লোমা প্রকৌশলীরা দীর্ঘদিন ধরে কর্মসংস্থান, মর্যাদা ও সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য নানামুখী সচেতনতা তৈরি করে আসছেন। তাদের মূল আলোচ্য বিষয়গুলোর মধ্যে রয়েছে—উপ-সহকারী প্রকৌশলী পদ সংরক্ষণ, পদোন্নতির সুযোগ বৃদ্ধি, আধুনিক কারিকুলাম প্রণয়ন, কর্মক্ষেত্রের দায়িত্ব বণ্টন, সুবিধা সম্প্রসারণ, উচ্চশিক্ষার সুযোগ এবং মাঠপর্যায়ের অবদানের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি। বিএসসি প্রকৌশলীদের আলোচ্য বিষয়ঃঅন্যদিকে বিএসসি প্রকৌশলীরাও পেশাগত মর্যাদা ও আন্তর্জাতিক মানদণ্ড রক্ষার স্বার্থে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেছেন। এর মধ্যে রয়েছে—সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) পদে বিএসসি ডিগ্রিধারীদের জন্য সংরক্ষণ, উপ-সহকারী প্রকৌশলী পদে প্রতিযোগিতামূলক অংশগ্রহণ এবং আন্তর্জাতিক মান অনুযায়ী "Engineer" উপাধির সুরক্ষা।

আন্তর্জাতিক প্রেক্ষাপটঃ ভারত, যুক্তরাজ্য ও ইউরোপসহ অনেক দেশেই প্রকৌশলের ভিন্ন ভিন্ন স্তরকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়া হয়েছে। উদাহরণস্বরূপ, যুক্তরাজ্যে Chartered Engineer (CEng), Incorporated Engineer (IEng) এবং Engineering Technician (EngTech)—এই তিন স্তরের প্রকৌশলী আইনগত মর্যাদা পান। এসব উদাহরণ আমাদের শেখায়, প্রকৌশলীরা প্রতিদ্বন্দ্বী নয়, বরং জাতীয় উন্নয়নের একক সঙ্গীতে ভিন্ন ভিন্ন সুর।

বাংলাদেশে নীতিগত সংস্কারের সুযোগঃ বর্তমানে বাংলাদেশে ডিজাইন অনুমোদনের দায়িত্ব কেবল বিএসসি প্রকৌশলীদের হাতে সীমিত। তবে বাস্তবে ডিপ্লোমা প্রকৌশলীরাও মাঠপর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। আন্তর্জাতিক অভিজ্ঞতা অনুসরণ করে একটি কেন্দ্রীয় ডিজাইন অনুমোদন কর্তৃপক্ষ গঠন করা যেতে পারে, যেখানে শিক্ষাগত স্তর ও অভিজ্ঞতার ভিত্তিতে দায়িত্ব বণ্টন হবে। এতে পেশাজীবীদের পারস্পরিক সহযোগিতা আরও সুদৃঢ় হবে। কর্মক্ষেত্র ও দায়িত্ব বণ্টনে আইনি কাঠামো স্পষ্ট করা। শিল্প-অ্যাকাডেমিয়া সমন্বয়ে কারিকুলাম আধুনিকায়ন। উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণ। পদবির মর্যাদা বিষয়ে অভিন্ন মানদণ্ড প্রণয়ন। মাঠপর্যায়ের অভিজ্ঞতার মূল্যায়নে জাতীয় সার্টিফিকেশন ব্যবস্থা চালু।

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ) দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, ডিপ্লোমা ও বিএসসি প্রকৌশলী উভয়েই জাতীয় উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ। একজন ছাড়া অন্যজন অসম্পূর্ণ। তাই এখন সময় এসেছে একটি সমন্বিত প্রকৌশল নীতি প্রণয়নের, যেখানে ন্যায্য সুযোগ, মর্যাদা ও দায়িত্ব সবার জন্য নিশ্চিত করা হবে।

ঐক্য, নয় বিভাজন; সহযোগিতা, নয় প্রতিদ্বন্দ্বিতা—এটাই হওয়া উচিত প্রকৌশল পেশার ভবিষ্যৎ দিকনির্দেশনা। বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ) সর্বস্তরের প্রকৌশলীদের পেশাগত মর্যাদা ও জাতীয় উন্নয়নের স্বার্থ রক্ষায় সর্বদা অঙ্গীকারবদ্ধ।

ধন্যবাদান্তে,
আপনাদের একান্ত,


প্রকৌশলী মোঃ আকতারুজ্জামান হিরু
সদস্য সচিব, সেন্ট্রাল আহ্বায়ক কমিটি
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)
মোবাইলঃ ০১৭১৫-৩৬০৫৬৩।